

দৈনিক

ইনকিলাব

04 DEC 2005
১৬

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে চলতি বছরে অনার্স ভর্তি পরীক্ষা নিয়ে অনিশ্চয়তা

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিপোর্টার : জগন্নাথ বিশ্ববিদ্যালয় চলতি বছরে অনার্স ১ম বর্ষে ভর্তি পরীক্ষা বিশ্ববিদ্যালয়ের অধীনে হবে নাকি জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতায় হবে এ বিষয়টি এখনও সম্পূর্ণ অনিশ্চিত।

ইতিমধ্যে দেশের সকল বিশ্ববিদ্যালয়ে ভর্তি কার্যক্রম এমনকি পরীক্ষাও শুরু হয়েছে। সুত্র জানায়, গত ২০ অক্টোবর পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় হিসাবে গেজেট প্রকাশিত হওয়ার পরই ২৬ অক্টোবর চ্যান্সেলর প্রধানমন্ত্রী বেগম বাসেদা জিয়া বরাবর ১৫ সদস্যবিশিষ্ট একটি সিন্ডিকেট গঠন করার জন্য প্রস্তাবনা পাঠানো হয়েছে। কিন্তু উক্ত ফাইলটি এখনও পাস করা হয়নি। এমনকি জিসির কাছে কোন নোটিশও পাঠানো হয়নি, যার কারণে ভর্তি কার্যক্রম শুরু করা সম্ভব হচ্ছে না।

একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ের জন্য ১৫ সদস্যের একটি সিন্ডিকেট, ৩ জন সিনেটর, ১ জন রেজিস্ট্রার, ১ জন ট্রেজারার না থাকলে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু করা সম্ভব নয়। ভর্তি কার্যক্রম সম্পর্কে জানতে হলে বিশ্ববিদ্যালয়ের ভিসি (দায়িত্বপ্রাপ্ত) প্রফেসর আয়শা শিরিন রহমান বলেন, গত ২৬ অক্টোবর আমি সিন্ডিকেট গঠনের জন্য প্রস্তাবনা পাঠিয়েছি। কিন্তু চ্যান্সেলর এখন পর্যন্ত মিটিং ডাকেননি। মিটিংয়ে পাস করা হলেই ভর্তি কার্যক্রম শুরু হবে।